Question 1

Correct

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে সকল নাগরিককে আইনের দৃষ্টিতে সমতার কথা বলা হয়েছে?

A. অনুচ্ছেদ ২৬

B. অনুচ্ছেদ ২৯

C. অনুচ্ছেদ ২৭ ✔

D. অনুচ্ছেদ ২৮

| A | B | C | D |
|---|---|---|---|
| 1% | 3% | 88% | 8% |

**Solution:**

বাংলাদেশের সংবিধানের ২৭ নং অনুচ্ছেদ: আইনের দৃষ্টিতে সমতা। 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী।'

12:35 66%



Question 2 Correct

‘সকল নাগরিকের জন্য সুযোগের সমতা নিশ্চিত করতে রাষ্ট্র সচেষ্ট হইবেন’- এটি কোন অনুচ্ছেদে বলা আছে?

A ১৭

B ২০

C ১৯ ✔

D ১১

A 7% B 3% C 86% D 4%

**Solution:**

অনুচ্ছেদ ১৯। (১) সকল নাগরিকের জন্য সুযোগের সমতা নিশ্চিত করিতে রাষ্ট্র সচেষ্ট হইবেন।
(২) মানুষে মানুষে সামাজিক ও অর্থনৈতিক অসাম্য বিলোপ করিবার জন্য, নাগরিকদের মধ্যে সম্পদের সুষম বণ্টন নিশ্চিত করিবার জন্য এবং প্রজাতন্ত্রের সর্বত্র অর্থনৈতিক উন্নয়নের সমান স্তর অর্জনের উদ্দেশ্যে সুষম সুযোগ-সুবিধাদান নিশ্চিত করিবার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।
(৩) জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করিবেন।

12:36 66%
nline.uttoron.academy 9
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

কোন অনুচ্ছেদ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বিশ্বের সর্বত্র নিপীড়িত জনগণের ন্যায়সঙ্গত সংগ্রামকে সমর্থন করে?

A ২৪

B ২৬

C ২৩

D ২৫ ✔

A 3% B 10% C 7% D 80%

**Solution:**

অনুচ্ছেদ ২৫: আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন
জাতীয় সার্বভৌমত্ব ও সমতার প্রতি শ্রদ্ধা, অন্যান্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা, আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধান এবং আন্তর্জাতিক আইনের ও জাতিসংঘের সনদে বর্ণিত নীতিসমূহের প্রতি শ্রদ্ধা-এই সকল নীতি হইবে রাষ্ট্রের আন্তর্জাতিক সম্পর্কের ভিত্তি এবং এই সকল নীতির ভিত্তিতে রাষ্ট্র।
(ক) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তিপ্রয়োগ পরিহার এবং সাধারণ ও

**Solution:**

অনুচ্ছেদ ২৫: আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন
জাতীয় সার্বভৌমত্ব ও সমতার প্রতি শ্রদ্ধা, অন্যান্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা, আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধান এবং আন্তর্জাতিক আইনের ও জাতিসংঘের সনদে বর্ণিত নীতিসমূহের প্রতি শ্রদ্ধা-এই সকল নীতি হইবে রাষ্ট্রের আন্তর্জাতিক সম্পর্কের ভিত্তি এবং এই সকল নীতির ভিত্তিতে রাষ্ট্র।
(ক) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তিপ্রয়োগ পরিহার এবং সাধারণ ও সম্পূর্ণ নিরস্ত্রীকরণের জন্য চেষ্টা করিবেন;
(খ) প্রত্যেক জাতির স্বাধীন অভিপ্রায় অনুযায়ী পথ ও পন্থার মাধ্যমে অবাধে নিজস্ব সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থা নির্ধারণ ও গঠনের অধিকার সমর্থন করিবেন; এবং
(গ) সাম্রাজ্যবাদ, ঔপনিবেশিকতাবাদ বা বর্ণবৈষম্যবাদের বিরুদ্ধে বিশ্বের সর্বত্র নিপীড়িত জনগণের ন্যায়সঙ্গত সংগ্রামকে সমর্থন করিবেন।

Question 4 Incorrect

কোন অনুচ্ছেদের কারণে ঢাকাকে প্রজাতন্ত্রের রাজধানী বলা হয়?

Question 4 Incorrect

কোন অনুচ্ছেদের কারণে ঢাকাকে প্রজাতন্ত্রের রাজধানী বলা হয়?

A ৩ অনুচ্ছেদ

B ৫ অনুচ্ছেদ ✔

C ৬ (২) অনুচ্ছেদ

D ২ক অনুচ্ছেদ

A 0% B 93% C 3% D 3%

**Solution:**

বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ-৫: রাজধানী –
(১) প্রজাতন্ত্রের রাজধানী ঢাকা।
(২) রাজধানীর সীমানা আইন দ্বারা নির্ধারিত।

Question 5 Correct

খসড়া সংবিধান প্রণয়ন কমিটিতে বিরোধী দলীয় একমাত্র সদস্য কে ছিলেন?

12:37 66%



Question 5 Correct

খসড়া সংবিধান প্রণয়ন কমিটিতে বিরোধী দলীয় একমাত্র সদস্য কে ছিলেন?

A মোজাফফর আহমদ

B রাজিয়া বানু

C ড. কামাল হোসেন

D সুরঞ্জিত সেনগুপ্ত ✓

A 3% B 2% C 1% D 94%

**Solution:**

খসড়া সংবিধান প্রণয়ন কমিটিতে বিরোধী দলীয় একমাত্র সদস্য ছিলেন সুরঞ্জিত সেনগুপ্ত। তিনি ছিলেন ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ, মোজাফফর)-এর সদস্য। তিনি ছাড়া সব সদস্য ছিলেন আওয়ামী লীগের।

Question 6 Correc

অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ

12:37 65%



Question 6 Correct

অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবন ধারণের মৌলিক উপকরণের ব্যবস্থার কথা বলা হয়েছে সংবিধানের-

A ১৫ অনুচ্ছেদে ✔

B ১০ অনুচ্ছেদে

C ১৪ অনুচ্ছেদে

D ১৩ অনুচ্ছেদে

A 94% B 0% C 2% D 3%

**Solution:**

বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ- ১৫ অনুযায়ী রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হলো নাগরিকদের জন্য নিম্নলিখিত চাহিদাগুলো পূরণের ব্যবস্থা করা; কেননা এগুলো জীবনধারণের জন্য অপরিহার্য ‘মৌলিক উপকরণ’। যেমন:

১. অন্ন বা খাদ্যের যোগান ও ব্যবস্থা,
২. বস্ত্র বা পোশাকের ব্যবস্থা,
৩. বাসস্থান বা থাকার জায়গার ব্যবস্থা,
৪. শিক্ষা লাভের অধিকার নিশ্চিত করা,
৫. চিকিৎসা লাভের অধিকার নিশ্চিত করা।

বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে সর্বস্তরে নারী-পুরুষের সমান অধিকার নিশ্চিত করার কথা বলা হয়েছে?

A অনুচ্ছেদ ৩৯(১)

B অনুচ্ছেদ ২৯(২)

C অনুচ্ছেদ ২৮(২) ✔

D অনুচ্ছেদ ২৭

| A 4% | B 3% | C 84% | D 9% |
|---|---|---|---|

**Solution:**

বাংলাদেশ সংবিধানের:
অনুচ্ছেদ ২৮(২) 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী-পুরুষের সমান অধিকার লাভ করিবেন।'
অনুচ্ছেদ ২৯(২) শুধু ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষভেদে বা জন্মস্থানের কারণে কোনো নাগরিক প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ লাভের অযোগ্য হইবেন না, কিংবা সেই ক্ষেত্রে তাহার প্রতি বৈষম্য প্রদর্শন করা যাবে না।'
অনুচ্ছেদ ২৭ 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান

B অনুচ্ছেদ ২৯(২)

C অনুচ্ছেদ ২৮(২) ✔

D অনুচ্ছেদ ২৭

| A 4% | B 3% | C 84% | D 9% |
|---|---|---|---|

**Solution:**

বাংলাদেশ সংবিধানের:
অনুচ্ছেদ ২৮(২) ‘রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী-পুরুষের সমান অধিকার লাভ করিবেন।’
অনুচ্ছেদ ২৯(২) শুধু ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষভেদে বা জন্মস্থানের কারণে কোনো নাগরিক প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ বা পদ লাভের অযোগ্য হইবেন না, কিংবা সেই ক্ষেত্রে তাহার প্রতি বৈষম্য প্রদর্শন করা যাবে না।’
অনুচ্ছেদ ২৭ ‘সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী।’
অনুচ্ছেদ ৩৯(১) ‘প্রত্যেক নাগরিকের চিন্তা ও বিবেকের স্বাধীনতার নিশ্চয়তা দান করা হইল।’

Question 8 Correct

12:38 65%



বাংলাদেশ সংবিধানের কত নং অনুচ্ছেদে মৌলিক অধিকার বলবৎকরণ সম্পর্কে বলা আছে?

A ৪৫

B ৪৪ ✓

C ৪৩

D ৪২

A 1% B 95% C 2% D 2%

**Solution:**

অনুচ্ছেদ ৪৪: মৌলিক অধিকার বলবৎকরণ:
(১) এই ভাগে প্রদত্ত অধিকারসমূহ বলবৎ করিবার জন্য এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগের নিকট মামলা রুজু করিবার অধিকারের নিশ্চয়তা দান করা হইল।
(২) এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীন হাইকোর্ট বিভাগের ক্ষমতার হানি না ঘটাইয়া সংসদ আইনের দ্বারা অন্য কোন আদালতকে তাহার এখতিয়ারের স্থানীয় সীমার মধ্যে ঐ সকল বা উহার যে কোন ক্ষমতা প্রয়োগের ক্ষমতা দান করিতে পারিবেন।

Question 9 Correct

## বাকস্বাধীনতার বিষয়টি কোন অনুচ্ছেদে আলোচিত হয়েছে?

A ৪২ অনুচ্ছেদে

B ৩৬ অনুচ্ছেদে

C ৩৭ অনুচ্ছেদে

D ৩৯ অনুচ্ছেদে ✔

A 3% B 7% C 3% D 89%

**Solution:**

অনুচ্ছেদ-৩৬: চলাফেরার স্বাধীনতা।
অনুচ্ছেদ-৩৭: সমাবেশের স্বাধীনতা।
অনুচ্ছেদ-৩৯: চিন্তা ও বিবেকের স্বাধীনতা, বাকস্বাধীনতা এবং সংবাদপত্রের স্বাধীনতার নিশ্চয়তা দান।
অনুচ্ছেদ-৪২: সম্পত্তির অধিকার।

Question 10 Incorrect

হাতে লেখা সংবিধান স্পিকার কর্তৃক প্রমাণীকৃত হয় কখন?

A ১৬ ডিসেম্বর, ১৯৭২

B ১৫ ডিসেম্বর, ১৯৭২

C ১৪ ডিসেম্বর, ১৯৭২ ✔

D ৪ নভেম্বর, ১৯৭২

A 26% B 9% C 7% D 60%

**Solution:**

১৪ ডিসেম্বর সংবিধান স্পিকার কর্তৃক প্রমাণীকৃত হয়। ১৫ ডিসেম্বর গণপরিষদ সদস্য সংবিধানে স্বাক্ষর প্রদান করে। ১৫ ডিসেম্বর, ১৯৭২ সকাল ১০টায় পুনরায় অধিবেশন আরম্ভ হয় এবং যেসব সদস্য পূর্বে স্বাক্ষর-দান করেননি তাঁদের স্বাক্ষর-দানের পর স্পিকার স্বাক্ষর-দান অনুষ্ঠানের আনুষ্ঠানিক পরিসমাপ্তি ঘোষণা করেন।

Question 11 Skipped

সংবিধানের কোন অনুচ্ছেদ বলে আইনের দ্বারা নির্দিষ্ট অন্যবিধ প্রয়োজন ব্যতীত মাদক দ্রব্য সেবন নিষিদ্ধ করা হয়েছে?

A ১৮(২)

B ১৮(১) ✔

C ১৫(খ)

D ১৫(ক)

A 37% B 59% C 0% D 4%

**Solution:**

জনস্বাস্থ্য ও নৈতিকতা
১৮(১) জনগণের স্বাস্থ্য ও পুষ্টির স্তরের উন্নয়ন ঘটানোকে রাষ্ট্র তার অন্যতম প্রাথমিক কর্তব্য বলে গণ্য করবে। বিশেষ করে চিকিৎসার প্রয়োজন বা আইনে বর্ণিত কোনো প্রয়োজন ছাড়া মদ, মাদক এবং স্বাস্থ্যহানিকর ভেষজ উদ্ভিদের ব্যবহার নিষিদ্ধ করার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
১৮(২) পতিতাবৃত্তি ও জুয়াখেলা বন্ধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন
১৮(ক) রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ

4:11 78%
nline.uttoron.academy



ব্যতীত মাদক দ্রব্য সেবন নিষিদ্ধ করা হয়েছে?

A ১৮(২)

B ১৮(১) ✔

C ১৫(খ)

D ১৫(ক)

A 37% B 59% C 0% D 4%

**Solution:**

জনস্বাস্থ্য ও নৈতিকতা
১৮(১) জনগণের স্বাস্থ্য ও পুষ্টির স্তরের উন্নয়ন ঘটানোকে রাষ্ট্র তার অন্যতম প্রাথমিক কর্তব্য বলে গণ্য করবে। বিশেষ করে চিকিৎসার প্রয়োজন বা আইনে বর্ণিত কোনো প্রয়োজন ছাড়া মদ, মাদক এবং স্বাস্থ্যহানিকর ভেষজ উদ্ভিদের ব্যবহার নিষিদ্ধ করার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
১৮(২) পতিতাবৃত্তি ও জুয়াখেলা বন্ধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন
১৮(ক) রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ

সংবিধানের কোন অনুচ্ছেদ বলে আইনের দ্বারা নির্দিষ্ট অন্যবিধ প্রয়োজন ব্যতীত মাদক দ্রব্য সেবন নিষিদ্ধ করা হয়েছে?

A ১৮(২)

B ১৮(১) ✓

C ১৫(খ)

D ১৫(ক)

A 37% B 59% C 0% D 4%

**Solution:**

জনস্বাস্থ্য ও নৈতিকতা
১৮(১) জনগণের স্বাস্থ্য ও পুষ্টির স্তরের উন্নয়ন ঘটানোকে রাষ্ট্র তার অন্যতম প্রাথমিক কর্তব্য বলে গণ্য করবে। বিশেষ করে চিকিৎসার প্রয়োজন বা আইনে বর্ণিত কোনো প্রয়োজন ছাড়া মদ, মাদক এবং স্বাস্থ্যহানিকর ভেষজ উদ্ভিদের ব্যবহার নিষিদ্ধ করার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
১৮(২) পতিতাবৃত্তি ও জুয়াখেলা বন্ধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন

4:12 78%



সংবিধানের আলোকে বাংলাদেশে সম্পদের মালিকানার ধরন নয় কোনটি?

A ব্যক্তি মালিকানা

B রাষ্ট্রীয় মালিকানা

C সমবায়ী মালিকানা

D প্রাতিষ্ঠানিক মালিকানা ✔

A 0% B 4% C 21% D 74%

**Solution:**

অনুচ্ছেদ (১৩) তে মালিকানা নীতির কথা বলা হয়েছে। মালিকানা নীতি অনুসারে তিন ধরনের মালিকানার কথা বলা হয়েছে।
১. রাষ্ট্রীয় মালিকানা
২. সমবায়ী মালিকানা
৩. ব্যক্তিগত মালিকানা।

Question 13 Correct

'প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত' এটি সংবিধানের কোন

4:12 78%



Question 13 Correct

‘প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত’ এটি সংবিধানের কোন অনুচ্ছেদে উল্লেখ রয়েছে-

A ৮

B ৬

C ৫

D ৪ ✓

A 0% B 0% C 0% D 100%

**Solution:**

অনুচ্ছেদ-৪: জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক-
(১) প্রজাতন্ত্রের জাতীয় সঙ্গীত “আমার সোনার বাংলা’র প্রথম দশ চরণ।
(২) প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত।
(৩) প্রজাতন্ত্রের জাতীয় প্রতীক হইতেছে উভয় পার্শ্বে ধান্য শীর্ষ বেষ্টিত, পানিতে ভাসমান জাতীয় পুষ্প শাপলা, তাহার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পর-সংযুক্ত পত্র, তাহার উভয় পার্শ্বে দুইটি

Question 14 Correct

## বাংলাদেশের খসড়া সংবিধান প্রণয়ন কমিটির চেয়ারম্যান ছিলেন-

A আবু সাঈদ চৌধুরী

B ব্যারিস্টার আমিরুল ইসলাম

C বেগম রাজিয়া বানু

D ড. কামাল হোসেন ✔

| A 1% | B 1% | C 0% | D 98% |
|---|---|---|---|

**Solution:**

১১ এপ্রিল, ১৯৭২ খসড়া সংবিধান প্রণয়নের জন্য ড. কামাল হোসেনের নেতৃত্বে ৩৪ সদস্যবিশিষ্ট একটি 'খসড়া সংবিধান প্রণয়ন কমিটি' গঠন করা হয়। এই কমিটির চেয়ারম্যান ছিলেন ড. কামাল হোসেন। 'খসড়া সংবিধান প্রণয়ন কমিটি' তে একমাত্র মহিলা সদস্য ছিলেন বেগম রাজিয়া বানু।

Question 15 Correct

Question 15 Correct

সংবিধানের কোন অনুচ্ছেদ বলে সংবিধানের সাথে অসামঞ্জস্যপূর্ণ আইন বাতিল হবে?

A ৫

B ৭ ✔

C ৮

D ৬

| A | B | C | D |
|---|---|---|---|
| 1% | 87% | 11% | 1% |

**Solution:**

অনুচ্ছেদ ৭: সংবিধানের প্রাধান্য-
(২) জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোনো আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে।

Question 16 Incorrect

রাষ্ট্রপতির অনুমোদন ব্যতীত বিদেশি খেতাব গ্রহণ করা যাবে না- এটি কোন অনুচ্ছেদে বলা আছে?

A ২৯

B ৩০ ✔

C ৩১

D ৩২

A 1% B 90% C 7% D 1%

**Solution:**

অনুচ্ছেদ ৩০: রাষ্ট্রপতির পূর্বানুমোদন ব্যতীত কোনো নাগরিক কোনো বিদেশি রাষ্ট্রের নিকট হইতে কোন উপাধি, খেতাব, সম্মান, পুরস্কার বা ভূষণ গ্রহণ করিবেন না।

Question 17 Correct

গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার কে

Question 17 Correct

গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার কে ছিলেন?

A মোহাম্মদ বায়তুল্লাহ

B শাহ আব্দুল হামিদ

C মোহাম্মদ উল্লাহ ✔

D মাওলানা আব্দুর রশিদ তর্কবাগীশ

A 5% B 9% C 82% D 5%

**Solution:**
বাংলাদেশ গণপরিষদের প্রথম স্পিকার শাহ আব্দুল হামিদ এবং ডেপুটি স্পিকার মোহাম্মদ উল্লাহ।

Question 18 Correct

পতিতাবৃত্তি ও জুয়াখেলা বন্ধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে-

A অনুচ্ছেদ ২৮ অনুযায়ী

পতিতাবৃত্তি ও জুয়াখেলা বন্ধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে-

A অনুচ্ছেদ ২৮ অনুযায়ী

B অনুচ্ছেদ ১৮ অনুযায়ী ✔

C অনুচ্ছেদ ১৫ অনুযায়ী

D অনুচ্ছেদ ২০ অনুযায়ী

A 2% B 80% C 2% D 15%

**Solution:**

জনস্বাস্থ্য ও নৈতিকতা
১৮(১) জনগণের স্বাস্থ্য ও পুষ্টির স্তরের উন্নয়ন ঘটানোকে রাষ্ট্র তার অন্যতম প্রাথমিক কর্তব্য বলে গণ্য করবে। বিশেষ করে চিকিৎসার প্রয়োজন বা আইনে বর্ণিত কোনো প্রয়োজন ছাড়া মদ, মাদক এবং স্বাস্থ্যহানিকর ভেষজ উদ্ভিদের ব্যবহার নিষিদ্ধ করার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
১৮(২) পতিতাবৃত্তি ও জুয়াখেলা বন্ধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন
১৮(ক) রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং প্রাকৃতিক সম্পদ,

Question 19 Correct

কোনো শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানকারী ব্যক্তির স্ব স্ব ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণের ব্যাপারে সাংবিধানিক অনুচ্ছেদ-

A ১২

B ৩৭

C ৩৯

D ৪১ ✓

| A 15% | B 2% | C 2% | D 80% |
|---|---|---|---|

**Solution:**

অনুচ্ছেদ ৪১: ধর্মীয় স্বাধীনতা
অনুচ্ছেদ ৪১ (২) কোন শিক্ষা-প্রতিষ্ঠানে যোগদানকারী কোনো ব্যক্তির নিজস্ব ধর্ম-সংক্রান্ত না হইলে তাঁহাকে কোনো ধর্মীয় শিক্ষাগ্রহণ কিংবা কোনো ধর্মীয় অনুষ্ঠান বা উপাসনায় অংশগ্রহণ বা যোগদান করিতে হইবে না।

Question 20 Correct

4:13 78%



Question 20 Correct

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের খসড়া ১৯৭২ সালের কোন তারিখে সর্বপ্রথম গণপরিষদে উত্থাপিত হয়?

A ৪ নভেম্বর

B ১৬ ডিসেম্বর

C ১২ অক্টোবর ✔

D ১১ নভেম্বর

| A 10% | B 0% | C 87% | D 3% |
|---|---|---|---|

**Solution:**

স্বাধীন বাংলাদেশের সংবিধান প্রণয়নের লক্ষ্যে ১১ এপ্রিল, ১৯৭২ সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয়। উক্ত কমিটি ১২ অক্টোবর, ১৯৭২ খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করে। ৪ নভেম্বর, ১৯৭২ তা গণপরিষদে গৃহীত হয় এবং ১৬ ডিসেম্বর, ১৯৭২ তা কার্যকর হয়।

Question 21 Correct

পরিবেশ ও জীববৈচিত্র সংরক্ষণ ও

4:13 78%



পরিবেশ ও জীববৈচিত্র সংরক্ষণ ও উন্নয়ন সংক্রান্ত বিধানের কথা সংবিধানে কত অনুচ্ছেদ এ উল্লেখ করা হয়েছে?

A ২০

B ১৯

C ১৮ক ✔

D ১৮

A 0% B 2% C 94% D 3%

**Solution:**

জনস্বাস্থ্য ও নৈতিকতা
১৮। (১) জনগণের স্বাস্থ্য ও পুষ্টির স্তরের উন্নয়ন ঘটানোকে রাষ্ট্র তার অন্যতম প্রাথমিক কর্তব্য বলে গণ্য করবে। বিশেষ করে চিকিৎসার প্রয়োজন বা আইনে বর্ণিত কোনো প্রয়োজন ছাড়া মদ, মাদক এবং স্বাস্থ্যহানিকর ভেষজ উদ্ভিদের ব্যবহার নিষিদ্ধ করার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
(২) পতিতাবৃত্তি ও জুয়াখেলা বন্ধের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।
পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন
১৮ক। রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও

কোন অনুচ্ছেদের আলোকে প্রত্যেক নাগরিকের কর্তব্যরূপে সংবিধান ও আইন মান্য করার বিধান সংরক্ষিত হয়েছে?

A ২১ ✓

B ২২

C ২৩

D ২০

A 70% B 1% C 1% D 29%

**Solution:**

অনুচ্ছেদ ২০: অধিকার ও কর্তব্যরূপে কর্ম।
২০(২) এ বলা হয়েছে- রাষ্ট্র এমন অবস্থা সৃষ্টির চেষ্টা করিবেন, যেখানে সাধারণ নীতি হিসাবে কোন ব্যক্তি অনুপার্জিত আয় ভোগ করিতে সমর্থ হইবেন না এবং যেখানে বুদ্ধিবৃত্তিমূলক ও কায়িক-সকল প্রকার শ্রম সৃষ্টিধর্মী প্রয়াসের ও মানবিক ব্যক্তিত্বের পূর্ণতর অভিব্যক্তিতে পরিণত হইবে।
অনুচ্ছেদ ২১: নাগরিক ও সরকারি কর্মচারীদের কর্তব্য
২১ (১) সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, নাগরিক দায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা

ব্যক্তিত্বের পূর্ণতর অভিব্যক্তিতে পরিণত হইবে।
অনুচ্ছেদ ২১: নাগরিক ও সরকারি কর্মচারীদের কর্তব্য
২১ (১) সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, নাগরিক দায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য।

Question 23 — Incorrect

খসড়া সংবিধান প্রণয়ন কমিটি সংক্রান্ত প্রস্তাবটি গণপরিষদে কে উত্থাপন করেন?

- A মোহাম্মদ বায়তুল্লাহ
- B এম. মনসুর আলী ✔
- C তাজউদ্দিন আহমেদ
- D ড. কামাল হোসেন

A 0% B 60% C 3% D 36%

**Solution:**

১১ এপ্রিল, ১৯৭২ এদিন ছিল গণপরিষদের প্রথম অধিবেশনের দ্বিতীয়

4:14 78%



Question 24 Correct

সপ্তদশ সংশোধনীর পর সংবিধানে কয়টি অনুচ্ছেদ রয়েছে?

A ১৫৩ ✔

B ১৫২

C ১৫৪

D ১৫১

A 94% B 2% C 2% D 1%

**Solution:**

সপ্তদশ সংশোধনী: ৮ জুলাই, ২০১৮ সংসদে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নির্বাচনের বিধি আরও ২৫ বছর বহাল রাখার প্রস্তাব সংবলিত সংবিধানের সপ্তদশ সংশোধনী বিল পাস হয়েছে। সপ্তদশ সংশোধনীর পর সংবিধানে পূর্বের মতোই অনুচ্ছেদ রয়েছে ১৫৩টি। বাংলাদেশ সংবিধানে ১১টি ভাগ রয়েছে।

Question 25 Incorrect

Question 25 Incorrect

বাংলাদেশের সংবিধান দুষ্পরিবর্তনীয় কেন?

A পরিবর্তনে দক্ষতার অভাব

B লিখিত আকারে লিপিবদ্ধ বলে

C পরিবর্তন সহজ নয় বলে ✔

D নাতিদীর্ঘ বলে

A 0% B 15% C 84% D 1%

**Solution:**

দুষ্পরিবর্তনীয় বলতে বোঝায়, যে সংবিধান সহজে পরিবর্তন করা যায় না। বাংলাদেশের সংবিধান পরিবর্তন করতে হলে সংসদ সদস্যদের দুই - তৃতীয়াংশ ভোটের প্রয়োজন হয়। এজন্য বাংলাদেশের সংবিধান দুষ্পরিবর্তনীয়।

Question 26 Incorrect

গণপরিষদের সদস্যগণ হাতে লেখা

Question 26 Incorrect

গণপরিষদের সদস্যগণ হাতে লেখা সংবিধানের কপিতে স্বাক্ষর প্রদান করেন-

A ১৬ ডিসেম্বর, ১৯৭২

B ৪ নভেম্বর, ১৯৭২

C ১৪ ডিসেম্বর, ১৯৭২

D ১৫ ডিসেম্বর, ১৯৭২ ✓

| A 6% | B 15% | C 23% | D 56% |
|---|---|---|---|

**Solution:**

গণপরিষদের সদস্যগণ হাতে লেখা সংবিধানের কপিতে স্বাক্ষর প্রদান করেন ১৫ ডিসেম্বর, ১৯৭২ সালে। প্রথম স্বাক্ষর করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। শেখ মুজিবুর রহমান প্রথমে সংবিধানের বাংলা এবং পরে ইংরেজি পাঠে স্বাক্ষর-দান করেন। এরপর যথাক্রমে পরিষদ উপনেতা ও শিল্পমন্ত্রী সৈয়দ নজরুল ইসলাম এবং অর্থ ও পরিকল্পনামন্ত্রী তাজউদ্দীন আহমদ স্বাক্ষর-দান করার পর অন্য সদস্যবৃন্দ স্বাক্ষর-দান অব্যাহত রাখেন।

4:15 78%



Question 27 Skipped

সংবিধানের কোন অনুচ্ছেদে 'কুটিরশিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ নিশ্চিত করতে রাষ্ট্র কার্যকর ভূমিকা পালন করবে' বলা হয়েছে?

A ১৩ অনুচ্ছেদে

B ১৪ অনুচ্ছেদে

C ১৫ অনুচ্ছেদে

D ১৬ অনুচ্ছেদে ✔

A 9% B 7% C 1% D 82%

**Solution:**

অনুচ্ছেদে- ১৬: গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব
শহরের ও গ্রামের জীবনযাত্রার মানের বৈষম্য ধাপে ধাপে দূর করার উদ্দেশ্যে- কৃষি বিপ্লবের বিকাশ ঘটাতে হবে, গ্রামে গ্রামে বিদ্যুতের ব্যবস্থা করতে হবে, কুটিরশিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ নিশ্চিত করতে হবে, এবং
শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা ও জনগণের স্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রাম অঞ্চলের আমূল পরিবর্তনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

Question 28 Incorrect

গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ সম্পর্কিত সাংবিধানিক দলিল-

A অনুচ্ছেদ ৩৮

B অনুচ্ছেদ ৩৪

C অনুচ্ছেদ ৩৫

D অনুচ্ছেদ ৩৩ ✔

A 1% B 6% C 4% D 89%

**Solution:**

অনুচ্ছেদ ৩৩: গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ।
অনুচ্ছেদ ৩৪: জবরদস্তি-শ্রম নিষিদ্ধকরণ।
অনুচ্ছেদ ৩৫: বিচার ও দণ্ড সম্পর্কে রক্ষণ।

Question 29 Skipped

জোরপূর্বক শ্রম নিষিদ্ধ করা হয়েছে সংবিধানের-

4:16 78%



Question 29 Skipped

## জোরপূর্বক শ্রম নিষিদ্ধ করা হয়েছে সংবিধানের-

- A ৩৪নং অনুচ্ছেদে ✓
- B ৩৩নং অনুচ্ছেদে
- C ৪৩নং অনুচ্ছেদে
- D ৩৭নং অনুচ্ছেদে

A 86% B 9% C 4% D 1%

**Solution:**

অনুচ্ছেদ ৩৪। (১) সকল প্রকার জবরদস্তি-শ্রম নিষিদ্ধ; এবং এই বিধান কোনভাবে লঙ্ঘিত হইলে তাহা আইনতঃ দণ্ডনীয় অপরাধ বলিয়া গণ্য হইবে।
(২) এই অনুচ্ছেদের কোন কিছুই সেই সকল বাধ্যতামূলক শ্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যেখানে
(ক) ফৌজদারী অপরাধের জন্য কোন ব্যক্তি আইনতঃ দণ্ডভোগ করিতেছেন; অথবা
(খ) জনগণের উদ্দেশ্যসাধনকল্পে আইনের দ্বারা তাহা আবশ্যক হইতেছে।

4:16 78%
online.uttoron.academy
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 30 Correct

বাংলাদেশের সংবিধানের ২১(২) ধারায় বলা হয়েছে “সকল সময়ে __________ চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য”।

A রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করিবার

B সংবিধানের প্রতি আনুগত্য প্রকাশ করিবার

C জনগণের সেবা করিবার ✔

D সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করিবার

A 13% B 4% C 84% D 0%

**Solution:**

নাগরিকের কর্তব্য
২১। (১) সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, নাগরিক দায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য।
সরকারি কর্মচারীদের কর্তব্য
২১। (২) সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা রাষ্ট্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।